

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪০

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার মা'বূদের ব্যাপারে ভাল ধারণা পোষণ করবে, তিনি তার সাথে তার ধারণা অনুযায়ী আচরণ করবেন, আর যে ব্যক্তি তার ব্যাপারে মন্দ ধারণা পোষণ করবে, তিনি তার সাথে অনুরূপ আচরণ করবেন

ذكر البيان بأن من أحسن الظن بِالْمَعْبُودِ كَانَ لَهُ عِنْدَ ظَنِّهِ وَمَنْ أَسَاءَ بِهِ الظَّنَّ كَانَ لَهُ عِنْدَ

আরবী

640 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنَا أَبِي النَّضْرِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُهَاجِرِ عَنْ يَزِيدَ بْنِ عُبَيْدَةَ عَنْ حَيَّانَ أَبِي النَّضْرِ قَالَ: خَرَجْتُ عَائِدًا لِيَزِيدَ بْنِ الْأَسْوَدِ فَلَقِيتُ وَا ثِلَةَ بْنَ الْأَسْقَعِ وَهُوَ يُرِيدُ عِيَادَتَهُ فَدَخَلْنَا عَلَيْهِ فَلَمَّا رَأَى عَائِدًا لِيَزِيدَ بْنِ الْأَسْوَدِ فَلَقِيتُ وَا ثِلَةً بْنَ الْأَسْقَعِ وَهُوَ يُرِيدُ عِيَادَتَهُ فَدَخَلْنَا عَلَيْهِ فَلَمَّا رَأَى عَائِدًا لِيَزِيدُ بِنِ الْأَسْوَدِ فَلَقَيتُ وَا ثِلَةً بْنَ الْأَسْفَعِ وَهُو يُرِيدُ عِيَادَتَهُ فَدَخَلْنَا عَلَيْهِ فَلَمَّا رَأَى وَا ثِلَةً بَسَطَ يَدَهُ وَجَعَلَ يُشِيدُ إِلَيْهِ فَأَقْبَلَ وَا ثِلَةً حَتَّى جَلَسَ فَأَخَذَ يَزِيدُ بكفَّى وَا ثِلَةً فَجَعَلَهُمَا عَلَى وَا ثِلْقَةً بَسَطَ يَدُهُ وَعَجَعَلَ يُشَيِّ إِللَّهِ عَلَى وَالْلَهُ عَلَى وَا ثِلَةً فَجَعَلَهُمَا عَلَى وَعَلَا لَكُهُ وَا ثِلَةً فَكَالَكُ بِاللَّهِ عَلَى وَاللَّهِ لِللَّهِ لَلْ الله عليه وسلم: يَقُولُ: (قَالَ اللَّهُ جَلَّ وَعَلَا: أَنَا عَلَيْ طَنْ شَراً) عَبْدِي بِي إِنْ ظَنَّ خَيْرًا وَإِنْ ظن شراً) عَبْدِي بِي إِنْ ظَنَّ خَيْرًا وَإِنْ ظن شراً) الراوي : وَا ثِلَة بْنِ الْأَسْفَعِ الله صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 640 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪০. হাইয়ান আবুন নাযর থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইয়াযিদ বিন আসওয়াদকে অসুস্থ অবস্থায় দেখতে যাই। অতঃপর আমি ওয়াসিলা বিন আশকা এর সাথে সাক্ষাৎ করি, তিনিও তাকে দেখতে এসেছিলেন। অতঃপর আমরা তার কাছে গমন করলাম। তিনি যখন ওয়াসিলাকে দেখলেন, তখন তিনি তাঁর দিকে হাত বাড়িয়ে দিলেন এবং তাঁর দিকে ইশারা করতে লাগলেন। ফলে ওয়াসিলা তার কাছে গিয়ে বসলেন। ইয়াযিদ ওয়াসিলার হাত ধরলেন এবং হাত দুটি তার মুখের উপর রাখলেন। তখন ওয়াসিলা তাকে বললেন: "আল্লাহর ব্যাপারে আপনার ধারণা কেমন?" জবাবে তিনি বলেন: "আল্লাহর কসম! আল্লাহর ব্যাপারে আমার ধারণা ভালো।" তখন ওয়াসিলা



তাকে বললেন: "আপনি শুভ সংবাদ গ্রহণ করুন। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন, আল্লাহ তা'আলা বলেছেন: "আমার ব্যাপারে আমার বান্দার ধারণা মোতাবেক আমি (আচরণ করে) থাকি, চাই সে ভালো ধারণা করুক অথবা মন্দ ধারণা করুক।"[1]

ফুটনোট

[1] তাবারানী, আল কাবীর: ২২/২০৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাইয়্যান আবুন নাযর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন